

💵 মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ৫৭২

১৭. যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৫. যে ধরনের দ্রব্যে যাকাত ধার্য করা হয় না

بَابِ مَا لَا زَكَاةَ فِيهِ مِنْ الْحُلِيّ وَالتِّبْرِ وَالْعَنْبَرِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ نَافِعٍ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ كَانَ يُحَلِّي بَنَاتَهُ وَجَوَارِيَهُ الذَّهَبَ ثُمَّ لَا يُخرِجُ مِنْ حُلِيّهِنَّ الزَّكَاةَ

قَالَ مَالِكَ مَنْ كَانَ عِنْدَهُ تِبْرٌ أَقْ حَلْيٌ مِنْ ذَهَبٍ أَقْ فِضَّةٍ لَا يُنْتَفَعُ بِهِ لِلْبْسٍ فَإِنَّ عَلَيْهِ فِيهِ الزَّكَاةَ فِي كُلِّ عَامٍ يُوزَنُ فَيُؤْخَذُ رُبُعُ عُشْرِهِ إِلَّا أَنْ يَنْقُصَ مِنْ وَزْنِ عِشْرِينَ دِينَارًا عَيْنَا أَقْ مِائَتَيْ دِرْهَمٍ فَإِنْ نَقَصَ مِنْ ذَلِكَ فَلَيْسَ فِيهِ زَكَاةٌ وَإِنَّمَا تَكُونُ فِيهِ الزَّكَاةُ إِذَا كَانَ إِنَّمَا يُمْسِكُهُ لِغَيْرِ اللَّبْسِ فَأَمَّا التِّبْرُ وَالْحُلِيُّ الْمَكْسُورُ الَّذِي يُرِيدُ أَهْلُهُ إِصْلَاحَهُ وَلُبْسَهُ فَإِنَّمَا هُو بِمَنْزِلَةِ الْمَتَاعِ الَّذِي يَكُونُ عِنْدَ أَهْلِهِ فَلَيْسَ عَلَى أَهْلِهِ فِيهِ زَكَاةٌ قَالَ مَالِك لَيْسَ فِي اللَّوْلُو وَلَا فِي الْمَسْكِ وَلَا الْعَنْبَرِ زَكَاةٌ

বাংলা

রেওয়ায়ত ১১ নাফি' (রহঃ) বর্ণনা করেন, আবদুল্লাহ ইবন উমর (রাঃ) স্বীয় কন্যা ও ক্রীতদাসীদেরকে স্বর্ণের অলংকার পরাইতেন। তিনি সমস্ত অলংকারের যাকাত দিতেন না।[1]

মালিক (রহঃ) বলেনঃ কাহারও নিকট যদি স্বর্ণ বা রৌপ্যের পিণ্ড থাকে এবং ইহা কাজে না লাগায় তবে নিসাব পরিমাণ হইলে ইহাতে বাৎসরিক চল্লিশ ভাগের এক ভাগ হারে যাকাত ধার্য হইবে। অলংকার তৈয়ারের উদ্দেশ্যে রক্ষিত পিণ্ড বা মেরামতের উদ্দেশ্যে রক্ষিত ভগ্ন অলংকার গৃহস্থালীর প্রয়োজনীয় মাল আসবাবের মত। ইহাতে যাকাত ফর্য হইবে না।

মালিক (রহঃ) বলেনঃ মোতি, কস্তুরী, আম্বর ইত্যাদি সুগন্ধি দ্রব্যে যাকাত ফর্য হয় না।

English



Yahya related to me from Malik from Nafi that Abdullah ibn Umar used to adorn his daughters and slave-girls with gold jewellery and he did not take any zakat from their jewellery.

Malik said, "Anyone who has unminted gold or silver, or gold and silver jewellery which is not used for wearing, must pay zakat on it every year. It is weighed and one-fortieth is taken, unless it falls short of twenty dinars of gold or two hundred dirhams of silver, in which case there is no zakat to pay. Zakat is paid only when jewellery is kept for purposes other than wearing. Bits of gold and silver or broken jewellery which the owner intends to mend to wear are in the same position as goods which are worn by their owner - no zakat has to be paid on them by the owner."

Malik said, "There is no zakat (to pay) on pearls, musk or amber."

ফুটনোট

[1] অধিকাংশ ইমামের নিকট ব্যবহারের উদ্দেশ্যে রক্ষিত অলংকারের যাকাত ফর্ম হয় না। ইমাম আবূ হানীফা (রহঃ)-এর মতে ইহাতেও যাকাত ফর্ম হইবে। আর এই হাদীসটির ব্যাখ্যা প্রসঙ্গে তিনি বলেন, ইয়াতীম নাবালেগদের সম্পদ ছিল বিধায় ইহার যাকাত আদায় করা হইত না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন